

# রাবিতে সাবজেক্ট চয়েস ও ভর্তি তারিখ পরিবর্তন, ক্লাস শুরু ৩ আগস্ট

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ২৩:১২, ১৫ মে ২০২৫




ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তি প্রক্রিয়ার সময়সূচির পরিবর্তন করে পুনঃনির্ধারণ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ভর্তির কয়েকটি ধাপ— সাবজেক্ট চয়েস গ্রহণ, ভর্তির তারিখ এবং ক্লাস শুরুর তারিখ পুনঃনির্ধারণ করা হয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ভর্তি উপ-কমিটির সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

বৃহস্পতিবার (১৫ মে) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।



বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিতে ইউনিটসমূহের সাবজেক্ট চয়েস (বিষয় পছন্দক্রম) গ্রহণের তারিখ, ভর্তির শেষ তারিখ এবং ক্লাস শুরুর তারিখ পুনঃনির্ধারণ করা হয়েছে।'

বিজ্ঞপ্তিতে পুনঃনির্ধারিত সময়সূচি বিষয়ে বলা হয়েছে, আগামী ২৬মে থেকে ৩১মে বিষয় পছন্দক্রম গ্রহণ করা হবে। ভর্তি শুরু হবে ১৬ জুন থেকে এবং শেষ হবে ২৪ জুলাই। এছাড়া আগামী ৩ আগস্ট নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে।

